"এই গ্রন্থে (কোনই) সন্দেহ নাই"

মূল আরবী ও বাংলা উচ্চারণ ও তফছীরসহ

১৩শ পারা—অমা—ওবারে´য়ো

মোহাম্মদ নকীব উদ্দীন খাঁ

কর্ত্তৃক

অনুবাদিত ও সঙ্কলিত

৫নং হাজী লেন, কলিকাতা—১৪।

প্রকাশক—
মিনার কোম্পানী
৫নং হাজী লেন, কলিকাতা—১৪।

আত্ম-কথা

এছলামের মূলগ্রন্থ কোরআন শরীফের তেলাওৎ ও উহার মর্ম্ম অবগত হওয়া প্রত্যেক মুছলমান নর-নারীর প্রতি এজন্য ফরজ যে, উহার শিক্ষাগ্রহণ ব্যতিরেকে মানব কখনই মানব-পদবাচ্য এবং খোদার করুণালাভের অধিকারী হইতে পারে না।

বঙ্গীয় মুছলমান জনসাধারণের মধ্যে কোরআনের শিক্ষাপ্রচারের আবশ্যকতা যে কতখানি, জাতি ও ধর্ম্মের নামে বিগলিতপ্রাণ সুধী সজ্জন ছাড়া তাহা বুঝতে চেষ্টা করেন আর কয়জন? দীনাতিদীন আমরা, অতি ক্ষুদ্র শক্তি লইয়া এহেন অসাধ্য-সাধনে অগ্রসর হইয়াছি—একমাত্র আল্লার করুণার প্রতি নির্ভরশীল হইয়া।

ইত্যাগ্রে কোরআনের দু-একখানি পূর্ণ-অপূর্ণ বঙ্গানুবাদ প্রকাশিত হইলেও দরিদ্র দেশ-বাসীর পক্ষে উহার ক্রয় বাস্তবিকই সহজসাধ্য নহে। তাহা ছাড়া বাংলায় আরবী কোরআনের "উচ্চারণ-বৈশিষ্ট্যের পরিচয়" আমাদের অনুবাদিত কোরআন ভিন্ন আর কোনটীতেই নাই;—ইহা আবহমানকালের যে একটী গুরু অভাবের পূরণ, একথা কে অস্বীকার করিবে? দয়াময় আল্লার অনুগ্রহে ভবিষ্যতে ইন্‌শা-আল্লাহ্ এ-কার্য্যে আমরা দ্রুত অগ্রসর হইতে পারিব বলিয়া আশা করি।

হিন্দুস্থানের গণ্যমান্য মোহাদ্দেছ ও মোফাচ্ছেরগণের, বিশেষতঃ ভারতের সর্ব্বশ্রেষ্ঠ আলেম ও কামেল হজরত মওলানা হাজী হাফেজ ও কারী শাহ্ মোহাম্মদ আশরফ আলী থানবী এবং সামছোল ওলামা হাফেজ ডেপুটী নজীর আহ্‌মদ ছাহেবের উর্দ্দু তরজমার ভাব, মর্ম্ম ও ধারার এবং কুত্রাপি হজরত মওলানা শাহ রফীউদ্দিন ছাহেবের তরজমার সাহায্য গ্রহণ করা হইয়াছে।

মানুষের ভ্রম, ত্রুটী ও বিচ্যুতি অস্বাভাবিক নহে। অতএব কোন সূক্ষ্মদর্শী হৃদয়বান বিবেচক ভ্রাতার চক্ষে উচ্চারণ, অর্থ বা টীকায় কোনও কিছু ভুল, ত্রুটী বা বিচ্যুতি পরিদৃষ্ট হওয়ার সঙ্গে সঙ্গে অনুগ্রহপূর্ব্বক তাহা আমাদিগকে জানাইলে বিশেষ বাধিত ও সংশোধনের পক্ষে সচেষ্ট হইব। আমরা উচ্চারণ সম্বন্ধে সুহৃদবর্গের মূল্যবান অভিমতের দ্বারা উপকৃত হওয়ার একান্তই অভিলাষী।

মাদপুর,
পোঃ, সরিষা, ২৪-পরগণা

বিনীত—
মোহাম্মদ নকীব উদ্দীন খাঁ

Printed at : Progressive Printers & Binders
11-5, North Range, Park Circus, Calcutta.

وَمَا أُبَرِّئُ نَفْسِي ۚ إِنَّ النَّفْسَ لَأَمَّارَةٌ بِالسُّوءِ إِلَّا

অমা— ওবার্রেয়ো নাফ্‌ছী, ইন্‌নান্‌নাফ্‌ছা লাআম্‌মা-রাতোম্‌ বেছ্‌ছূ—এ ইল্‌লা-

আর (এমনি) আমি(ও মানুষ) নিজের সম্বন্ধে বলি না যে আমি (ফেরেশ্‌তাদিগের মত) নির্দ্দোষ নিষ্কলঙ্ক, কারণ (মানব-)স্বভাব ত (মানুষকে) দুষ্কার্য্যের দিকে (সর্ব্বদাই) প্ররোচিত করিতে থাকে কিন্তু

مَا رَحِمَ رَبِّي ۚ إِنَّ رَبِّي غَفُورٌ رَحِيمٌ ۝ وَقَالَ الْمَلِكُ ائْتُونِي بِهِ

মা-রাহেমা রাব্বী, ইন্‌না রাব্বী গ্বাফ্‌রোর্রাহীম। অক্বা-লাল্‌ মালেকো'-তূনী বেহী—

এই যে আমার পালনকারী নিজের করুণা প্রদর্শন করেন, নিঃসন্দেহ আমার পালনকারী ক্ষমাকারী দয়ালু। (.৫) আর বাদশাহ নির্দ্দেশ দিল যে ইউছফকে আমার দরবারে লইয়া আইস

أَسْتَخْلِصْهُ لِنَفْسِي ۚ فَلَمَّا كَلَّمَهُ قَالَ إِنَّكَ الْيَوْمَ

আছতাখ্‌লেছ্‌হো লেনাফ্‌ছী, ফালাম্‌মা- কাল্লামাহূ ক্বা-লা ইন্‌নাকাল্‌ য়্যাওম্‌া

আমি উহাকে (আজীজ-মিছরের গোলামী) ছাড়াইয়া খাছ নিজের (কাজের) জন্য রাখিব, অনন্তর যখন ইউছফের সহিত কথাবার্ত্তা করিল (তখন বাদশাহ ইউছফের গুণাবলী জানিতে ও বুঝিতে পারিয়া ইউছফকে) বলিল আজ (হইতে) তুমি

لَدَيْنَا مَكِينٌ أَمِينٌ ۝ قَالَ اجْعَلْنِي عَلَىٰ خَزَائِنِ الْأَرْضِ ۚ إِنِّي

লাদায়্‌না- মাকীনোন্‌ আমীন। ক্বা-লাজ্‌আল্‌নী আলা-খাযা—এনেল্‌ আর্‌দে, ইন্‌নী

আমার সরকারে অতিশয় সম্মানী (এবং) বিশ্বাসের পাত্র, (ইউছফ) আরজ করিল যে (যদি বাদশাহ নামদার এ-খাকছারের এমনি সম্মান করিয়া থাকেন তবে) আমাকে রাজ্যের রাজস্ব আদায়ের কার্য্যে নিযুক্ত করিতে মর্জ্জি করুণ আমি

---

(১৫) ذلك ليعلم "জা-বেকা লেয়্যা'-লাম।" হইতে ان ربى غفوررحيم "ইন্‌না রাব্বী গ্বফূরোর্রাহীম" পর্য্যন্ত সম্বন্ধে ভাষ্যকারগণের মধ্যে এই মতভেদ রহিয়াছে যে, ইহা কাহার সম্বন্ধীয় কথা। অধিকাংশের মতে—হজরত ইউছফ সম্বন্ধীয় কথা। আমিও (অর্থাৎ অনুবাদকারীও) হজরত ইউছফ সম্বন্ধীয় কথার অনুযায়ী অনুবাদ করিয়াছি। আর কেহ কেহ বলেন, ইহা জোলায়খা সম্বন্ধীয় কথা। পুনশ্চ ভাষ্যকারগণের মধ্যে একটী পরোক্ষ মতভেদ ইহাও রহিয়াছে যে, 'লেয়্যা-লাম।' শব্দটীর কর্ত্তা কে? কেহ কেহ বলেন—ইউছফ, কেহ কেহ বলেন আজিজ-মিছর। ইহারা ما ابرئ نفسى "মা- ওবার্রেয়ো নাফছী"কে পাপের এক এই স্বীকারোক্তি মনে করেন যে, "হজরত ইউছফের দ্বারা একটী কদর্য্য অভিপ্রায় পরিস্ফূট হইয়াছে—যদিও কুকার্য্য হইয়া উঠে নাই। অথচ এই কদর্য্য অভিপ্রায় পরিস্ফুট হওয়াও হজরত ইউছফের পদ-মর্য্যাদার পক্ষে নিতান্তই অশোভনীয়; কারণ তিনি পয়গাম্বর-পুত্র এবং পয়গাম্বর ছিলেন।" কাজেই ইঁহারা এই প্রকার মর্ম্ম বর্ণনা করেন যে, জোলায়খা স্বীকার করিয়াছে যে, "আমার কেবল ইচ্ছা জাগিয়াছিল, কিন্তু (আমার স্বামী) আজীজ জানিয়া রাখুক যে, কুকার্য্য সঙ্ঘটিত হয় নাই। কিম্বা এই যে, ইউছফ জানিয়া রাখুক যে, আমি উহার [illegible]রাগারে নীত হওয়ার পশ্চাতে উহার অজ্ঞাতে উহার প্রতি কোনও অপকার করি নাই।

حَفِيْظٌ عَلِيْمٌ ۝ وَكَذٰلِكَ مَكَّنَّا لِيُوْسُفَ فِي الْاَرْضِ

হাফীজোন্ আলীম। অকাজা-লেকা মাক্কানুনা- লেইউছোফা ফেল্-আর্‌দে,

(রাজস্বের) রক্ষণাবেক্ষণও সঠিকভাবে করিতে পারে (এবং হিসাব-নিকাশেও) আমি বিশেষরূপ অভিজ্ঞ (ফল কথা, ইউছফ বাদশাহের অর্থ-সচীব পদে নিযুক্ত হইল)। আর এই প্রকারে আমি ইউছফকে (মিছর) রাজ্যে স্থান করিলাম,

يَتَبَوَّاُ مِنْهَا حَيْثُ يَشَآءُ ط نُصِيْبُ بِرَحْمَتِنَا

য়্যাতাবাওঅয়ো মেন্‌হা- হায়ছো য়্যাশা—য়ো, নোছীবো বেরাহ্‌মাতেনা-

তথায় যদৃচ্ছা বসবাস করিতে, আমি নিজের করুণা পৌঁছাইয়া দিয়া থাকি

مَنْ نَّشَآءُ وَلَا نُضِيْعُ اَجْرَ الْمُحْسِنِيْنَ ۝ وَلَاَجْرُ الْاٰخِرَةِ

মান্ নাশা—য়ো অলা- নোদীয়ো আজ্‌রাল্ মোহ্‌ছেনীন। অলাআজ্‌রোল্ আখেরাতে

যাহার প্রতি ইচ্ছা আর আমি পুণ্যাত্মাদিগের পুণ্যফলকে (পার্থিব জগতেও) নিষ্ফল হইতে দিই না। আর পরকালের পুণ্যফল

خَيْرٌ لِّلَّذِيْنَ اٰمَنُوْا وَكَانُوْا يَتَّقُوْنَ ۝ وَجَآءَ اِخْوَةُ يُوْسُفَ

ع ৭/১ রুকু

খায়রোল্ লেল্লাজীনা আ-মানূ অকা-নূ য়্যাত্তাকূন। ع অজা—আ এখ্‌অতো ইউছোফা

(তাহাদের জন্য ইহা অপেক্ষাও) উত্তম যাহারা ঈমান আনিয়াছে এবং পরহেজগারী করিতে থকে। আর (যেহেতু সে বৎসর কেন্‌আনের সমুদয় অঞ্চলে দুর্ভিক্ষ দেখা দিয়াছিল তজ্জন্য) ইউছফের (বিমাতা) ভ্রাতারা (শস্য ক্রয়ার্থ মিছরে) আসিয়াছিল

فَدَخَلُوْا عَلَيْهِ فَعَرَفَهُمْ وَهُمْ لَهٗ مُنْكِرُوْنَ ۝ وَلَمَّا جَهَّزَهُمْ

ফাদাখালূ আলায়্‌হে ফাআরাফাহুম্ অহুম্ লাহূ মোন্‌কেরূন। অলাম্মা-জাহ্‌হায হুম্

এবং ইউছফের নিকট গিয়াছিল তখন ইউছফ উহাদিগকে (দেখিবামাত্রই) চিনিতে পারিয়াছিল এবং উহারা ইউছফকে চিনিতে পারে নাই। আর যখন ইউছফ ভ্রাতাগণের (শস্যের) ছামান

بِجَهَازِهِمْ قَالَ ائْتُوْنِيْ بِاَخٍ لَّكُمْ مِّنْ اَبِيْكُمْ ۚ اَلَا تَرَوْنَ

বেজাহা-যেহিম্ কা-লা'-তূনী বেআখেল্লাকুম মেন্ আবীকুম, আলা- তারাওনা

তাহাদের জন্য ঠিক করিয়া দিল তখন (তাহাদিগকে বলিল যে (আগামী বারে যখন আসিবে তখন) তোমাদের বিমাতা ভাই (বেন্-ইয়ামীন)কে (যাহাকে তোমরা গৃহে রাখিয়া আসিয়াছ নিজেদের সঙ্গে) লইয়া আসিও, তোমরা কি দেখিতেছ না যে

أَنِّىٓ أُوفِى ٱلْكَيْلَ وَأَنَا۠ خَيْرُ ٱلْمُنزِلِينَ ۝ فَإِن لَّمْ تَأْتُونِى بِهِۦ

আন্নী— উফেল্-কায়্লা অআনা- খায়্রোল্ মোন্যেলীন। ফাইঁল্লাম্ তা'-তূনী বেহী

আমি মাপ ও পুরাপুরি দিতেছি এবং আমি (সকলের অপেক্ষা) উত্তম অতিথিসেবী। অতএব যদি তোমরা তাহাকে (অর্থাৎ বেন্-ইয়ামীনকে) আমার কাছে না লইয়া আইস

فَلَا كَيْلَ لَكُمْ عِندِى وَلَا تَقْرَبُونِ ۝ قَالُوا۟ سَنُرَٰوِدُ عَنْهُ

ফালা- কায়্লা লাকুম্ এন্দী অলা- তাক্রাবুন। ক্বা-লূ ছানোযা-ভেদো আন্হো

তাহা হইলে (জানিয়া রাখিও যে,) আমার নিকট (হইতে) তোমাদের শস্য (পাইবার আশা) নাই এবং (তদবস্থায়) তোমরা কাছে আসিও (ও) না। (১৬) উহারা বলিল আমরা (বাড়ী) পৌছিবার সাথে সাথেই তাহার সম্বন্ধে আরজ করিব

أَبَاهُ وَإِنَّا لَفَٰعِلُونَ ۝ وَقَالَ لِفِتْيَٰنِهِ ٱجْعَلُوا۟ بِضَٰعَتَهُمْ

আবা-হো অইন্না- লাফা-এলুন। অক্বা-লা লেফেৎয়্যা-নেহেজ্আলূ বেদা-আতাহুম্

তাহার পিতার কাছে আর আমরা (তাহার আনিবার) নিশ্চয়ই বন্দোবস্ত করিব। আর ইউছফ নিজের চাকরদিগকে হুকুম করিল যে ইহাদের (জমা) পুঁজি (যাহার বিনিময়ে ইহারা শস্য ক্রয় করিয়াছে) রাখিয়া দাও

فِى رِحَالِهِمْ لَعَلَّهُمْ يَعْرِفُونَهَآ إِذَا ٱنقَلَبُوٓا۟ إِلَىٰٓ أَهْلِهِمْ

ফী রেহা-লেহিম্ লাআল্লাহুম্ য়্যা'-রেফূনাহা— এজান্ক্বালাবূ— এলা—আহ্লেহিম্

ইহাদের বস্তাগুলির মধ্যে যাহাতে যখন ইহারা ইহাদের নিজের লোকের দিকে ফিরিয়া যাইবে তখন নিজেদের পুঁজি চিনিতে পারে

(১৬) হজরত ইউছফ বাদশাহের স্বপ্ন-বৃত্তান্ত সম্বন্ধে যদ্রূপ ভবিষ্যদ্বাণী করিয়াছিলেন, তদনুযায়ী সারা দেশে ভয়ঙ্কর দুর্ভিক্ষ দেখা দিল। হজরত ইউছফ মিছরে এইরূপ বন্দোবস্ত করেন যে, দুর্ভিক্ষের জন্য শস্য মওজুদ করিয়া রাখিয়া ছিলেন এবং বাদশাহের পক্ষ হইতে নিজের তত্ত্বাবধানে ঐ শস্য বিক্রয় করিতেন। কিন্তু ক্রেতাগণকে তাঁহাদের আবশ্যকের অতিরিক্ত শস্য এ-জন্য দিতেন না কি জানি তাহারা উহা মওজুদ করিয়া রাখে কিম্বা উহার ব্যবসায় করে। এ-সংবাদ চতুর্দ্দিকে প্রচার হইয়া পড়ায় হজরত ইউছফের ভ্রাতাগণ নিজ বাড়ী 'কেন্আন' হইতে শস্য ক্রয়ার্থ মিছরে আগমন করে। ইহাদের (অর্থাৎ হজরত ইউছফের ভ্রাতাদের) হজরত ইউছফের কাছে যাওয়াই উদ্দেশ্য ছিল। হজরত ইউছফ ভ্রাতাদের আবশ্যক সম্বন্ধে অবগত হওয়ার জন্য তাহাদের (অর্থাৎ হজরত ইউছফের ভ্রাতাদের) সাংসারিক অবস্থার বিষয় জিজ্ঞাসা করতঃ জানিতে পারেন যে, উহাদের বেন্-ইয়ামীন নামক একটী বৈমাত্রেয় ভ্রাতা বাড়ীতে রহিয়াছে। এতচ্ছ্রবণে হজরত ইউছফের মনে সন্দেহের উদ্রেক হইল যে, ভ্রাতার নাম করিয়া তাহারও হিস্যা শস্য ইহারা লইয়া যাইবে না ত ! এইজন্য হজরত ইউছফ ভ্রাতাগণকে তাকিদভাবে নির্দ্দেশ করেন যে, আগামী বারে সেই ভাইকেও সঙ্গে লইয়া আসিবে—যাহাকে বাড়ীতে রাখিয়া আসিয়াছ।

لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ۝ فَلَمَّا رَجَعُوْا اِلٰى اَبِيْهِمْ قَالُوْا

লাআল্লাহুম্ য়্যার্জেঊন। ফালাম্মা- রাজাউ— এলা— আবীহিম্ ক্বা-লূ

অসম্ভব নহে যে ইহারা পুনরায় (শস্য লইতে) আইসে। অতঃপর যখন (উহারা) উহাদের পিতার কাছে ফিরিয়া গেল তখন (তাহার কাছে) বলিল

يٰاَبَانَا مُنِعَ مِنَّا الْكَيْلُ فَاَرْسِلْ مَعَنَا اَخَانَا

ইয়্যা—আবা-না মোনেআ মেন্নাল্-কায়্‌লো ফাআর্‌ছেল্ মাআনা— আখা-না-

হে পিতঃ! (আগামীর জন্য) আমাদিগকে শস্যের বিষয়ে নিষেধ করিয়া দেওয়া হইয়াছে অতএব আপনি আমাদের ভ্রাতা(বেন্-ইয়ামীন)কে আমাদের সঙ্গে পাঠাইয়া দিন

نَكْتَلْ وَاِنَّا لَهٗ لَحٰفِظُوْنَ ۝ قَالَ هَلْ اٰمَنُكُمْ عَلَيْهِ اِلَّا

নাক্‌তাল্ অইন্না- লাহূ লাহা-ফেজূন। ক্বা-লা হাল্ আ-মানোকুম্ আলায়্‌হে ইল্লা-

যাহাতে আমরা (পুনরায়) শস্য লইয়া আসি আর আমরা উহার (অর্থাৎ বেন্-ইয়ামীনের) রক্ষণাবেক্ষণের জন্য দায়ী রহিলাম। (পিতা) বলিল যে আমি ত ইহার সম্বন্ধে তোমাদের বিশ্বাস করিনা কিন্তু (অবশ্য)

كَمَا اَمِنْتُكُمْ عَلٰى اَخِيْهِ مِنْ قَبْلُ ط فَاللّٰهُ خَيْرٌ

কামা— আমেন্তোকুম্ আলা— আখীহে মেন্ ক্বাব্‌লো, ফাল্লা-হো খায়্‌রোন্

তদ্রূপই যদ্রূপ বিশ্বাস আমি তোমাদিগকে ইহার (অর্থাৎ বেন্-ইয়ামীনের) ভ্রাতার (অর্থাৎ ইউছফের) সম্বন্ধে অগ্রে করিয়াছিলাম, অপিচ আল্লাহ, (তাহার অর্থাৎ ইউছফের সর্ব্বাপেক্ষা) উত্তম

حٰفِظًا وَّهُوَ اَرْحَمُ الرّٰحِمِيْنَ ۝ وَلَمَّا فَتَحُوْا مَتَاعَهُمْ

হা ফেজাঙ—অহোঅ আর্‌হামোর্রা-হেমীন। অলাম্মা- ফাতাহূ মাতা-আহুম্

নেগাবান, আর তিনি সকল দয়াবান অপেক্ষা অধিকতর দয়াবান। আর যখন উহারা উহাদের আছবাবপত্র খুলিল

وَجَدُوْا بِضَاعَتَهُمْ رُدَّتْ اِلَيْهِمْ ط قَالُوْا يٰاَبَانَا مَا نَبْغِيْ ط

অজাদূ বেদা-আতাহুম্ রোদ্দাৎ এলায়্‌হিম, ক্বালূ ইয়্যা—আবা-না- মা- নাব্‌গী,

তখন দেখিতে পাইল যে উহাদের (জমা) পুঁজি উহাদিগকে ফিরাইয়া দেওয়া হইয়াছে, (পুঁজি দৃষ্টে সকলে পিতার সহিত) বলিল যে হে পিতঃ! আমাদের (আর) কি চাই,

هٰذِهٖ بِضَاعَتُنَا رُدَّتْ اِلَيْنَا وَنَمِيْرُ اَهْلَنَا وَنَحْفَظُ

হা-জেহী বেদা-আতোনা রোদ্দাৎ এলায়্‌না-, অনামীরো আহ্‌লানা- অনাহ্‌ফাজো

এই ত আমাদের (জমা) পুঁজি (পর্য্যন্তও) আমাদিগকে ঘুরাইয়া দেওয়া হইয়াছে, (এক্ষণ আমাদিগকে অনুমতি দিন যে আমরা এবার বেন্-ইয়ামিনকে সঙ্গে লইয়া যাই) আর আমাদের লোকদিগের জন্য রসদ লইয়া আইসি আর আমরা রক্ষণাবেক্ষণ করিব

أَخَانَا وَنَزْدَادُ كَيْلَ بَعِيرٍ ۖ ذَٰلِكَ كَيْلٌ يَسِيرٌ ۝ قَالَ

আখা-না অনায্‌দা-দো কায়্‌লা বায়ীরেন্‌, জা-লেকা কায়্‌লোই-য়্যাছীর ক্বা-লা

আমাদের ভ্রাতার (অর্থাৎ বেন্‌-ইয়ামীনের আর (উহার হিস্যার) এক উটের বোঝা শস্য (অধিক) লইয়া আসিব, এই শস্য (যাহা এবারে আমারা লইয়া আসিয়াছি তাহা) সামান্যই। (পিতা) কহিল

لَنْ أُرْسِلَهُ مَعَكُمْ حَتَّىٰ تُؤْتُونِ مَوْثِقًا مِّنَ اللَّهِ لَتَأْتُنَّنِي

লান্‌ ওর্‌ছেলাহু মাআকুম্‌ হাৎতা- তো'-তূনে মাওছেক্কাম্‌ মেনাল্লা-হে লাতা'-তোন্‌নানী

আমি ত উহাকে কখনই তোমাদের সাথে পাঠাইব না, যে পর্য্যন্ত (না) তোমরা আল্লার কছম খাইয়া আমাকে শরিপক্ক কথা দিবে যে তোমরা নিশ্চয়ই আমার কাছে ফিরাইয়া আনিবে

بِهِ إِلَّا أَن يُحَاطَ بِكُمْ ۖ فَلَمَّا آتَوْهُ مَوْثِقَهُمْ

বেহী— ইল্লা— আই-ইয়োহা-তা বেকুম, ফালাম্মা— আ-তাওহো মাওছেক্কাহুম্‌

উহাকে কিন্তু এই যে তোমরা সকলে বেষ্টিত হও (ত কি করিব নাচারী), অতঃপর যখন উহারা পিতাকে উহাদের পরিপক্ক ওয়াদা দিল

قَالَ اللَّهُ عَلَىٰ مَا نَقُولُ وَكِيلٌ ۝ وَقَالَ يَا بَنِيَّ لَا تَدْخُلُوا

ক্বা-লাল্লা-হো আলা- মা- নাকুলো অকীল। অক্বা-লা ইয়্যা-বানীয়্যা লা- তাদ্‌খোলু

(তখন পিতা) বলিল যে (এই) কওল (ও কারার) যাহা আমরা (আপোষে) করিতেছি আল্লাহ্‌ ইহার সাক্ষী। আর (যাত্রাকালে পিতা উহাদিগকে) উপদেশ দিল যে, হে পুত্রগণ! (সাবধান!) তোমরা প্রবেশ করিও না

مِن بَابٍ وَاحِدٍ وَادْخُلُوا مِنْ أَبْوَابٍ مُّتَفَرِّقَةٍ ۖ وَمَا

মেম্‌ বা-বেণ্‌ ওয়া-হেদেণ্‌ অদ্‌খোলু মেন আব্‌ওয়া-বেম্‌ মোতাফার্‌রেক্বাহ্‌, অমা—

(সকলে মিলিয়া) এক দ্বার দিয়া (কারণ বদ নজর লাগিয়া যাইতে পারে) বরং তোমরা পৃথক পৃথক দ্বার দিয়া প্রবেশ করিবে, আর

أُغْنِي عَنكُم مِّنَ اللَّهِ مِن شَيْءٍ ۖ إِنِ الْحُكْمُ إِلَّا لِلَّهِ ۖ

ওগ্‌নী আনকুম্‌ মেনাল্লা-হে মেন্‌ শায়্‌এন এনেল হোক্‌মো ইল্লা- লেল্লা-হ্‌,

আমি (এই সতর্কীকরণ দ্বারা) আল্লার হুকুমকে ত তোমাদের উপর হইতে একটুও সরাইতে পারি না, হুকুম ত কেবল মাত্র আল্লারই (চলিতে) রহিয়াছে,

عَلَيْهِ تَوَكَّلْتُ ۖ وَعَلَيْهِ فَلْيَتَوَكَّلِ الْمُتَوَكِّلُونَ ۝

আলায়্‌হে তাঅক্‌কাল্‌তো অআলায়্‌হে ফাল্‌য়্যাতাঅক্‌কালেল্‌ মোতাঅক্‌কেলুন।

আমি তাঁহারই ভরসা করিয়াছি, আর (সমস্ত) ভরসাকারীদিগের উচিত যে তাঁহারই উপর ভরসা করে।

وَلَمَّا دَخَلُوا مِنْ حَيْثُ أَمَرَهُمْ أَبُوهُمْ ط مَا كَانَ يُغْنِي عَنْهُمْ

অলাম্মা-দাখালু মেন্ হায়্ছো আমারাহুম্ আবূহুম, মা- কা--না ইয়োগ্নী আন্হুম্
আর যখন উহারা (সেই ভাবেই উহাদের পিতা উহাদের পিতা উহাদিগকে বলিয়া দিয়াছিল (মিছরে) প্রবেশ করিল, তখন উহাদের কাজে আসিত না

مِنَ اللَّهِ مِنْ شَيْءٍ إِلَّا حَاجَةً فِي نَفْسِ يَعْقُوبَ قَضَاهَا ط

মেনাল্লা-হে মেন্ শায়্এন ইল্লা- হা-জ্বাতান ফী নাফ্ছেয়্যা'-ক্বুবা ক্বাদা-হা-,
(এই সাবধানতা) আল্লার (হুকুমের) বিরুদ্ধে কিছুই কিন্তু (উহা) ইয়াকুবের মনের একটা ভয় ছিল যাহাকে ইয়াকুব (এই ভাবে প্রকাশ) করিয়া বলিল,

وَإِنَّهُ لَذُو عِلْمٍ لِمَا عَلَّمْنَاهُ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ

অইন্নাহূ লাজূ এল্মেল্ লেমা- আল্লাম্না-হো অলা-কেন্না আক্ছারা ন্না-ছে
আর ইহাতে সন্দেহ নাই যে ইয়াকুব আমি উহাকে যে শিক্ষা দিয়াছিলাম তাহাতে (ইয়াকুব এমনি এক) এক এলেম রাখিত (যাহা সকলের পক্ষে সম্ভব নয়) কিন্তু অধিকাংশ লোক

لَا يَعْلَمُونَ ۝ وَلَمَّا دَخَلُوا عَلَىٰ يُوسُفَ آوَىٰ إِلَيْهِ

লা- য়্যা'-লামূন। ৃ অলাম্মা- দাখালু আলা- ইউছোফা আ-ওয়া— এলায়্হে
(এ-ভেদ) অবগত নহে। (১৭) আর যখন (উহারা পুনরায়) ইউছফের নিকটে গেল তখন বসাইল ইউছফ নিজের কাছে

ع ৮/২ রুকু

أَخَاهُ قَالَ إِنِّي أَنَا أَخُوكَ فَلَا تَبْتَئِسْ بِمَا كَانُوا يَعْمَلُونَ ۝

আখা-হো ক্বা-লা ইন্নী— আনা- আখূকা ফালা- তাব্তা ছ্ বেমা- কা-নূ য়্যা'-মালুন।
নিজের (সহোদর) ভ্রাতা(বেন্-ইয়ামীন)কে (এবং চুপে চুপে তাহাকে) বলিল যে আমি তোমার ভ্রাতা (অর্থাৎ ইউছফ) অতএব (ইহারা তোমার সাথে) যাহা (অর্থাৎ যে দুর্ব্ব্যবহার) করিতে রহিয়াছে তাহাতে তুমি মনোকষ্ট করিও না।

فَلَمَّا جَهَّزَهُمْ بِجَهَازِهِمْ جَعَلَ السِّقَايَةَ فِي رَحْلِ أَخِيهِ

ফালাম্মা- জ্বাহ্হাযাহুম্ বেজ্বাহা-যেহিম্ জ্বাআলাছ্ছেকা-য়্যাতা ফী রাহ্লে আখীহে
তৎপর যখন (ইউছফ) ভ্রাতাগণকে তাহাদের (শস্য-) পাত্রগুলি পরপর পৌঁছাইয়া দিল তখন নিজের ভ্রাতা (অর্থাৎ বেন্-ইয়ামীনের) বস্তার মধ্যে (সেই) পানি পান করিবার পাত্রটী (লোক দ্বারা) রাখিয়া দিল

(১৭) আভ্যন্তরীণ পরিচ্ছন্নতার দরুণ হজরত ইয়াকুবের অন্তঃকরণে ভবিষ্যৎ ঘটনার ছাপ লাগিয়াছিল এবং তাঁহার সন্দেহ ছিল যে, এই ছফরেও তাঁহার পুত্র ছহী-ছালামতে ফিরিয়া আসিবে বলিয়া মনে হয় না, এই কারণেই তিনি বেন্-ইয়ামীনকে পাঠাইতে ইতস্ততঃ করিয়া ছিলেন। এবং পুত্রগণকে বলিয়া দিয়াছিলেন যে, তোমরা সকলেই একসাথে একদ্বার দিয়া প্রবেশ করিও না। কিন্তু আল্লার হুকুমের সম্মুখে কাহারও সতর্কতা কি কাজে আইসে? ফলতঃ যাহা ঘটিবার, তাহাই ঘটিয়াছিল। উহার বিবরণ আগে আসিতেছে।

ثُمَّ أَذَّنَ مُؤَذِّنٌ أَيَّتُهَا الْعِيرُ إِنَّكُمْ لَسَارِقُونَ ۝

ছোম্মা আজ্জানা মোআজ্জেনোন্ আয়্য়্যাতোহাল্-য়ীরো ইন্নাকুম্ লাছা-রেকুন।

তৎপর জনৈক কথক উচ্চকণ্ঠে বলিল যে হে কাফেলা ওয়ালাগণ! নিশ্চয়ই তোমরা চোর।

قَالُوا وَأَقْبَلُوا عَلَيْهِمْ مَاذَا تَفْقِدُونَ ۝ قَالُوا نَفْقِدُ صُوَاعَ

কা-লূ অআক্‌বালূ আলায়হিম্ মা-জা- তাফ্‌কেদূন। কালূ নাফ্‌কেদো ছেওয়া-আল্

উহারা (তখন) তাহাদের দিকে ফিরিয়া জিজ্ঞাসা করিল যে তোমাদের কোন্ জিনিষ খোয়া গিয়াছে। তাহারা বলিল আমরা পাইতেছি না শাহী

الْمَلِكِ وَلِمَنْ جَاءَ بِهِ حِمْلُ بَعِيرٍ وَأَنَا بِهِ زَعِيمٌ ۝ قَالُوا

মালেকে অলেমান্ জ্বা—আ বেহী হেম্‌লো বায়ীরেঙ্, অআনা- বেহী যায়ীম। কা-লূ

মাপ- পাত্রটী (১৮) আর যে ব্যক্তি ঐ পাত্রটী লইয়া আসিতে পারিবে তাহাকে এক উষ্ট্র বোঝাই (শস্য পুরস্কার প্রদত্ত হইবে) এবং আমি তাহার জামীন (রহিলাম)। (এ-কথা শুনিয়া উহারা) বলিল যে

تَاللَّهِ لَقَدْ عَلِمْتُمْ مَا جِئْنَا لِنُفْسِدَ فِي الْأَرْضِ وَمَا

তাল্লা-হে লাকাদ্ আলেম্‌তুম্ মা- জ্বে'-না- লেনোফ্‌ছেদা ফেল্-আর্‌দে অমা-

আল্লার কছম তোমরা ত নিশ্চয়ই জান যে আমরা (তোমাদের) দেশে কলহ করার উদ্দেশ্যে আগমন করি নাই আর নয়

كُنَّا سَارِقِينَ ۝ قَالُوا فَمَا جَزَاؤُهُ إِنْ كُنْتُمْ كَاذِبِينَ ۝ قَالُوا

কোন্না- ছা-রেকীন। কা-লূ ফামা- জ্বাযা—য়োহূ— ইন্ কোন্তুম্ কা-জেবীন। কা-লূ

চুরি আমাদের পেশা(ও)। (তখন মাপ-পাত্রের অন্বেষণকারীগণ) বলিল যদি তোমরা মিথ্যুক সাব্যস্ত হও তদবস্থায় চোরের কি শাস্তি? উহারা বলিল

جَزَاؤُهُ مَنْ وُجِدَ فِي رَحْلِهِ فَهُوَ جَزَاؤُهُ ۚ كَذَٰلِكَ

জ্বাযা—য়োহূ মাঙ্ ভোজ্জেদা ফী রাহ্‌লেহী ফাহোওয়া জ্বাযা—য়োহূ, কাজা-লেকা

চোরের শাস্তি এই যে যাহার বস্তা হইতে পাত্রটী বাহির হইবে সেই ব্যক্তি নিজেই নিজের শাস্তি (অর্থাৎ পাত্রটীর বদলে তাহাকে বাদশাহের গোলাম হইতে হইবে), এই ভাবে

(১৮) হজরত ইউছফ যে পাত্র করিয়া পানি পান করিতেন, তাহাই ছিল তাঁহার শস্য-মাপের পাত্র। নিজের পানি পান-পাত্রকে শস্য-মাপের পাত্র করার উদ্দেশ্য এই ছিল যে, দুর্ভিক্ষগ্রস্তদিগকে সম্মান সহকারে শস্য প্রদান করা হয়। আর যেহেতু হজরত ইউছফ শস্য-বন্টনকার্য্য বাদশাহের পক্ষ হইতে বাদশাহের নামকরণে করিতেন, তজ্জন্য সেই মাপ-পাত্রটী "[illegible]হী মাপ-পাত্র" আখ্যায় আখ্যাত ছিল।

نَجْزِي الظّٰلِمِيْنَ ○ فَبَدَاَ بِاَوْعِيَتِهِمْ قَبْلَ وِعَآءِ اَخِيْهِ

নাজ্‌যেজ্‌জা-লেমীন। ফাবাদাআ বেআও‌য়েয়্যাতেহিম্‌ ক্বাব্‌লা ভেআ—এ আখীহে
আমরা ত (আমাদের এখানে) জালেম (অর্থাৎ চোর) দিগের শাস্তি দিয়া থাকি। তখন (ইউছফ)
আর আর ভ্রাতাগণের বস্তাগুলির তল্লাশী শুরু করাইল তদীয় ভ্রাতার (অর্থাৎ
বেন্‌-ইয়ামীনের) বস্তার অগ্রে

ثُمَّ اسْتَخْرَجَهَا مِنْ وِّعَآءِ اَخِيْهِ ط كَذٰلِكَ كِدْنَا لِيُوْسُفَ ط

ছোম্মাছতাখরাজাহা- মেঙ্‌ ভেআ—এ আখীহে, কাজা-লেকা কেদ্‌না- লেইউছোফা,
তৎপর (অর্থাৎ সকলের বস্তা তল্লাশ অন্তে) নিজের ভ্রাতার (অর্থাৎ বেন্‌-ইয়ামীনের) বস্তা হইতে
মাপ-পাত্রটী বাহির করিল, এইভাবে আমি ইউছফকে তদ্‌বীর শিখাইয়া দিলাম,

مَا كَانَ لِيَاْخُذَ اَخَاهُ فِيْ دِيْنِ الْمَلِكِ اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ ط

মা- কা-না লেয়্যা'-খোজা আখা-হো ফী দীনেল্‌-মা-লেকে ইল্লা--- আই-য়্যাশা---আল্লা-হো
(নতুবা মিছরের) বাদশাহের আইনের দিক দিয়া (ইউছফ) নিজের ভ্রাতা (বেন্‌-ইয়ামীন) কে
আটকাইতে পারিত না কিন্তু এই যে (যদি) আল্লার মঞ্জুর হইত,

نَرْفَعُ دَرَجٰتٍ مَّنْ نَّشَآءُ ط وَفَوْقَ كُلِّ ذِيْ عِلْمٍ عَلِيْمٌ ○

নারফায়ো দারাজা-তেম্‌ মান্‌ নাশা---য়ো, অফাও‌ক্বা কুল্লে জী এল্‌মেন্‌ আলীম।
আমি যাহাকে ইচ্ছা তাহার পদ-মর্য্যাদা উচ্চ করিয়া দিয়া থাকি, আর (দুনিয়াতে) প্রত্যেক
জ্ঞাতা অপেক্ষা (অন্য) শ্রেষ্ঠ জ্ঞাতা (মওজুদ) রহিয়াছে।

قَالُوْٓا اِنْ يَّسْرِقْ فَقَدْ سَرَقَ اَخٌ لَّهٗ مِنْ قَبْلُ ج فَاَسَرَّهَا

ক্বা-লূ--- এই-য়্যাছ্‌রেক্‌ ফাক্বাদ্‌ ছারাক্বা আখোল্‌ লাহু মেন্‌ ক্বাব্‌লো, ফাআছার্‌রাহা
(বেন্‌-ইয়ামীনের বস্তা হইতে যখন মাপ-পাত্রটী বাহির হইয়া পড়িল তখন ভ্রাতাগণ) বলিল যে যদি
(বেন্‌-ইয়ামীন) চুরি করিয়া থাকে তাহা হইলে (তাহা তাজ্জবের বিষয় নহে কারণ ইহার) অগ্রে
ইহার (সহোদর) ভ্রাতা (ইউছফ) (ও) চুরি করিয়া চুকিয়াছে, তখন (ইউছফ ইহার
উত্তর দিতে ইচ্ছা করিয়াছিল কিন্তু) উহা চাপিয়া রাখিয়া দিল

يُوْسُفُ فِيْ نَفْسِهٖ وَلَمْ يُبْدِهَا لَهُمْ ج قَالَ اَنْتُمْ شَرٌّ

এউছোফা ফী নাফ্‌ছেহী অলাম্‌ ইয়োব্‌দেহা- লাহুম্‌, ক্বা-লা আন্তুম্‌ শার্‌রোম্‌
ইউছফ নিজের মনের মধ্যে এবং উহাদের কাছে তাহা প্রকাশ হইতে দিল না, (আর) বলিল

مَّكَانًا وَاللّٰهُ اَعْلَمُ بِمَا تَصِفُوْنَ ۝ قَالُوْا يٰٓاَيُّهَا

মাকা-নান, অল্লা-হো আ'-লামো বেমা- তাছেফূন। ক্বা-লূ ইয়্যা—আয়্ইয়্যোহাল্

খারাব (অর্থাৎ খারাপ লোক), আর আল্লাহ্-ই তাহা বিশেষরূপ জানেন যাহা কিছু (ইহার ভ্রাতার চুরির অবস্থা) তোমরা বর্ণনা করিতেছ। (১৯) (ইহার উত্তরে উহারা) বলিল যে হে

الْعَزِيْزُ اِنَّ لَهٗٓ اَبًا شَيْخًا كَبِيْرًا فَخُذْ اَحَدَنَا مَكَانَهٗ ۚ

আযীযো ইন্না লাহূ—আবান্ শায়্খান্ কাবীরান্ ফাখোজ্ আহাদানা- মাকা-নাহূ,

আজীজ ইহার (অর্থাৎ এই বেন্-ইয়ামীনের) পিতা অতিশয় বৃদ্ধ (ব্যক্তি আর তাহার ইহার প্রতি অত্যন্ত স্নেহ) অতএব তুমি (দয়াপূর্ব্বক) ইহার স্থলে আমাদের মধ্যের কাহাকেও (তোমার খেদমতের জন্য) রাখিয়া দাও,

اِنَّا نَرٰىكَ مِنَ الْمُحْسِنِيْنَ ۝ قَالَ مَعَاذَ اللّٰهِ اَنْ نَّاْخُذَ

ইন্না- নারা-কা মেনাল্ মোহছেনীন। ক্বা-লা মাআ--জাল্লা-হে আন্ না'-খোজা

আমাদের ত তোমাকে অতিশয় উপকারী লোক (বলিয়া) বোধ হইতেছে। (ইউছফ) বলিল আল্লাহ্ পানাহ্ দিন যে আমরা (অন্য কোন ব্যক্তিকে) আটকাইয়া রাখি

اِلَّا مَنْ وَّجَدْنَا مَتَاعَنَا عِنْدَهٗٓ ۙ اِنَّآ اِذًا لَّظٰلِمُوْنَ ۝

ইল্লা- মাঙ্ অজাদ্না- মাতা-আন্- এন্দাহূ—, ইন্না— এজাল্ লাজা-লেমূন। ৫

সেই ব্যক্তিকে ছাড়িয়া দিয়া যাহার কাছে আমরা আমাদের (খোয়া) জিনিষ পাইয়াছি, যদি আমরা এরূপ করি তাহা হইলে (তদবস্থায়) আমরা (নিতান্তই) জালেম গণ্য হইব।

৫ ৯ ৩ রুকু

فَلَمَّا اسْتَيْئَسُوْا مِنْهُ خَلَصُوْا نَجِيًّا ۖ قَالَ كَبِيْرُهُمْ اَلَمْ تَعْلَمُوْٓا

ফালাম্মাছতায়্আছু মেন্হো খালাছু নাজ্জীয়্যান, ক্বা-লা কাবীরোহুম্ আলাম্ তা'-লামূ—

ফলকথা যখন (উহারা) ইউছফ হইতে নিরাশ হইয়া গেল (যে এই ব্যক্তি মানিবে না) তখন (আপোষে) যুক্তি ফান্দিবার জন্য (তথা হইতে) পৃথক হইয়া গেল, (অবশেষ) যে ব্যক্তি- (উহাদের) সকলের বয়ঃজ্যেষ্ঠ ছিল সে বলিল (ভ্রাতৃগণ !) তোমাদের কি জানা নাই

(১৯) হজরত ইউছফকে তাঁহার ফুফী প্রতিপালন করিয়াছিলেন। হজরত ইউছফ বড় হইলে হজরত ইয়াকুব তাঁহাকে লইতে মনস্থ করেন। চতুরা ফুফী তখন কি করিল?—নিজের একটী তাগা হজরত ইউছফের কোমরে বাঁধিয়া দিল এবং হজরত ইউছফের নামে চুরির দোষ চাপাইল। এই ফন্দী করিয়া ফুফী তৎকালের শরিয়তের বিধান অনুযায়ী হজরত ইউছফকে নিজের কাছ হইতে যাইতে দিল না। ইউছফের ভ্রাতাগণ সম্ভবতঃ এই চুরিরই দিকে ইশারা করিয়া থাকিবে। আর হজরত ইউছফ যে ইহাদিগকে "খানা-খারাব" বলিয়াছেন, উহার মর্ম্ম এই মনে হইতেছে যে নিজেদের সন্তুষ্টির উদ্দেশ্যে ভ্রাতাকে ফাঁসাইয়া দেওয়া কঠিনতর বে-মরুয়তী এবং বেঈমানী। আর এই কার্য্য দ্বারা ভ্রাতাগণকে সন্তুষ্টিও ত সম্পূর্ণ রকমের হইত না। অসম্ভব নহে যে, উহারা নিজেরা মাপ-পাত্রটী চুরি করিয়া বেন্-ইয়ামীনের বস্তার মধ্যে দিয়া থাকিবে। উহাদের এক চুরি (অর্থাৎ মাপ-পাত্র চুরি) এখানে ধরা পড়িল এবং আর এক চুরির উহারা নিজেরাই চিহ্ন দিতেছে। অতএব ইহার দ্বারা বুঝা যাইতেছে যে, উহার বংশ পরম্পরের চোর এবং নিজেরা নিজেদের বংশ পরম্পরার দুর্নাম রটাইতেছে।

أَنَّ أَبَاكُمْ قَدْ أَخَذَ عَلَيْكُم مَّوْثِقًا مِّنَ اللَّهِ وَمِن قَبْلُ

আন্না আবা-কুম্ কাদ্ আখাজা আলায়কুম্ মাওছেকাম্ মেনাল্লা-হে অমেন্ কাব্‌লো
যে তোমাদের পিতা (বেন্-ইয়ামীন সম্বন্ধে) আল্লার কছম লইয়া তোমাদের হইতে পরিপক্ক অঙ্গীকার
লইয়াছেন আর (ইহার) অগ্রে

مَا فَرَّطتُمْ فِي يُوسُفَ ۖ فَلَنْ أَبْرَحَ الْأَرْضَ حَتَّىٰ يَأْذَنَ لِي

মা- ফার্‌রাৎতুম্ ফী ইউছোফা, ফালান্ আব্‌রাহাল্ আর্‌দা হাৎতা য়্যা'-জানা লী—
ইউছফের সম্বন্ধে তোমাদের দ্বারা কি দোষের কাজ হইয়া চুকিয়াছে ? অতএব (ভ্রাতৃগণ ! সে
পর্য্যন্ত) আমি ত এ স্থান হইতে নড়িব না যে পর্য্যন্ত আমাকে
অনুমতি (না) দিতেছেন

أَبِي أَوْ يَحْكُمَ اللَّهُ لِي ۖ وَهُوَ خَيْرُ الْحَاكِمِينَ ۝ ارْجِعُوا

আবী— আও য়্যাহ্‌কোমাল্লা হো লী, অহোঅ খায়রোল্ হা-কেমীন। এর্‌জেউ—
পিতা সাহেব কিম্বা (যে পর্য্যন্ত) আল্লাহ্ আমার জন্য কোন অন্য পথ (না) আবিষ্কার করিতেছেন,
আর আল্লাহ্-ই সর্ব্বাপেক্ষা উত্তম বিচারকর্ত্তা। (ভ্রাতৃগণ !) তোমরা
(সকলে) ফিরিয়া যাও

إِلَىٰ أَبِيكُمْ فَقُولُوا يَا أَبَانَا إِنَّ ابْنَكَ سَرَقَ ۖ وَمَا شَهِدْنَا

এলা— আবীকুম্ ফাকূলু ইয়্যা—আবা-না— ইন্নাব্‌নাকা ছারাকা, অমা- শাহেদ্‌না—
তোমাদের পিতার নিকটে এবং (তাঁহার কাছে যাইয়া) আরজ কর যে হে পিতঃ ! আপনার পুত্র
(বেন্-ইয়ামীন) চুরি করিয়াছে, আমরা (আপনার কাছে) সেই বিষয়েই
আরজ করিতেছি

إِلَّا بِمَا عَلِمْنَا وَمَا كُنَّا لِلْغَيْبِ حَافِظِينَ ۝ وَاسْأَلِ

ইল্লা- বেমা- আ'লেম্‌না- অমা- কোন্‌না- লেল্-গায়্‌বে হা-ফেজীন। অছ্‌য়ালেল্
যাহা আমাদের (সুযোগ মত) জানা হইয়াছে আর (সেই যে আমরা বেন্-ইয়ামীনের রক্ষণাবেক্ষণের
জেম্মা গ্রহণ করিয়া ছিলাম তখন কিছুই) আমাদের গায়েবের খবর ত জানা ছিল না
(যে বেন্-ইয়ামীন চুরি করিবে)। আর আপনি জানিয়া লউন

الْقَرْيَةَ الَّتِي كُنَّا فِيهَا وَالْعِيرَ الَّتِي أَقْبَلْنَا فِيهَا ۖ

কারয়্যাতাল্লাতী কোন্‌না- ফী-হা- অল্-য়ীরাল্লাতী— আক্‌বাল্‌না- ফী-হা-,
সেই বস্তী (অর্থাৎ মিসরের লোকদিগের) হইতে যেখানে আমরা ছিলাম আর (সেই) কাফেলা
হইতেও জানিয়া লউন) যাহার মধ্যে আমরা আসিয়াছি,

وَإِنَّا لَصَادِقُونَ ۝ قَالَ بَلْ سَوَّلَتْ لَكُمْ أَنفُسُكُمْ أَمْرًا

অইন্না- লাছা-দেকূন। কালা বাল্ ছাওঅলাৎ লাকুম আন্‌ফোছোকুম আম্‌রা-,
আর আমরা সম্পূর্ণ সত্য বলিতেছি। (মলকথা যখন ভ্রাতাগণ যাইয়া ইয়াকুবের কাছে এইভাবে বর্ণনা
করিল তচ্ছ্রবণে ইয়াকুব) বলিল (বেন্-ইয়ামীন ত চুরি করে নাই) বরং তোমরা নিজেদের
মন হইতে একটী কথা তৈরী করিয়া আনিয়াছ,

فَصَبْرٌ جَمِيلٌ ۖ عَسَى اللَّهُ أَنْ يَأْتِيَنِي بِهِمْ جَمِيعًا ۚ إِنَّهُ

ফাছাব্রোন্ জামীল, আছাল্লা-হো আই-য়্যা'-তেয়্যানী বেহিম্ জামীআ-, ইন্নাহূ

এ অবস্থায় ছবর ও শোকর, (আমার ত) আশা আছে যে আল্লাহ্ আমার সকল পুত্রকে আমার কাছে আনিয়া মওজুদ করিবেন, কেননা তিনি

هُوَ الْعَلِيمُ الْحَكِيمُ ۝ وَتَوَلَّىٰ عَنْهُمْ وَقَالَ يَا أَسَفَىٰ

হোওয়াল আলীমোল্ হাকীম। অতাঅল্লা- আন্হুম্ অকা-লা ইয়্যা—আছাফা-

সমস্ত ভেদ) জানেন (এবং তিনি) মহিমাময়। আর ইয়াকুব পুত্রগণ(-এর নিকট) হইতে (উঠিয়া) তফাতে যাইয়া বসিল আর (ইউছুফের কথা স্মরণ করিয়া) বলিতে লাগিল—হায়

عَلَىٰ يُوسُفَ وَابْيَضَّتْ عَيْنَاهُ مِنَ الْحُزْنِ فَهُوَ كَظِيمٌ ۝

আলা- ইউছোফা অব্‌য়্যাদ্‌দাৎ আয়্‌না-হো মেনাল হোয্‌নে ফাহোওয়া কাজীম।

ইউছফ আর (ইয়াকুব সর্ব্বদাই আত্মসম্বরণ করিত কিন্তু) শোকের তীব্রতায় উঁহার উভয় চক্ষু শ্বেতবর্ণ হইয়া গিয়াছিল (২০) ফলকথা ইয়াকুব মনে মনেই পুড়িত।

قَالُوا تَاللَّهِ تَفْتَأُ تَذْكُرُ يُوسُفَ حَتَّىٰ تَكُونَ حَرَضًا

কা-লূ তাল্লা-হে তাফ্‌তায়ো তাজ্‌কোরো ইউছোফা হাৎতা- তাকুনা হারাদান্

(পিতার এ-অবস্থা দর্শনে) পুত্রগণ বলিতে লাগিল আল্লার কছম তুমি ত সর্ব্বদাই ইউছুফেরই খেয়ালে নিমগ্ন থাকিবে এ-পর্য্যন্ত যে (অশ্রু ভাসাইয়া হয়) তুমি অকর্ম্মা হইয়া যাইবে

أَوْ تَكُونَ مِنَ الْهَالِكِينَ ۝ قَالَ إِنَّمَا أَشْكُو بَثِّي وَحُزْنِي

আও তাকুনা মেনাল হা-লেকীন। কা-লা ইন্নামা— আশ্‌কূ বাছ্‌ছী অহোয্‌নী

অথবা তুমি হালাক-ই হইয়া যাইবে। (ইয়াকুব) বলিল (আমি ত তোমাদিগকে কিছু বলিতেছি না যে কষ্ট ও দুঃখ আমার রহিয়াছে

إِلَى اللَّهِ وَأَعْلَمُ مِنَ اللَّهِ مَا لَا تَعْلَمُونَ ۝ يَا بَنِيَّ اذْهَبُوا

এলাল্লা-হে অআ'-লামো মেনাল্লা-হে মা- লা- তা'-লামূন। ইয়্যা-বানীয়্যাজ্‌হাবূ

তাহার ফরিয়াদ আমি আল্লারই নিকটে করিতেছি আর আল্লারই দিক হইতে আমার (সেই সকল বিষয়) জানা আছে যাহা তোমাদের জানা নাই। হে আমার পুত্রগণ! তোমরা (পুনরায় একবার মিছরে) যাও

فَتَحَسَّسُوا مِنْ يُوسُفَ وَأَخِيهِ وَلَا تَيْأَسُوا مِنْ رَوْحِ اللَّهِ ۖ إِنَّهُ

ফাতাহাছ্‌ছাছূ মেন্‌-ইউছোফা অআখীহে অলা- তায়্‌আছূ মের্‌রাও্‌হেল্লা-হ্, ইন্নাহূ

এবং ইউছফ ও তাহার ভ্রাতার অনুসন্ধান কর আর তোমরা নিরাশ হইও না। আল্লার রহমত হইতে, কেননা

---

(২০) চক্ষুদ্বয়ের শাদা হইয়া যাওয়ার মর্ম্ম এই যে, কাঁদিতে কাঁদিতে হজরত ইয়াকুব অন্ধ প্রায় হইয়া গিয়াছিলেন।

لَا يَايْئَسُ مِنْ رَّوْحِ اللّٰهِ اِلَّا الْقَوْمُ الْكٰفِرُوْنَ ۝ فَلَمَّا

লা- য়্যায়্আছো মের্রাও্হেল্লা-হে ইল্লাল্ ক্বাওমোল্ কা-ফেরূন। ফালাম্মা-

আল্লার রহমত লইতে (তাহারাই) নিরাশ হইয়া থাকে যাহারা কাফের। (ফলকথা উহাদের কয়েকজন পুনরায় ফিরে গেল) অনন্তর যখন

دَخَلُوْا عَلَيْهِ قَالُوْا يٰۤاَيُّهَا الْعَزِيْزُ مَسَّنَا وَاَهْلَنَا الضُّرُّ

দাখালূ আলায়হে ক্বা-লূ ইয়্যা—আয়্ইয়োহাল্ আযীযো মাছ্ছানা- অআহ্লানাদ্দোর্রো

(উহারা তৃতীয়বার) ইউছফের নিকটে উপস্থিত হইল তখন (তথায়) বিনয়-ক্রন্দন শুরু করিয়া দিল যে হে আজীজ! আমাদের এবং আমাদের আহাল (আয়াল)-এর দুর্ভিক্ষের জন্য খুবই) কষ্ট পৌছিতেছে

وَجِئْنَا بِبِضَاعَةٍ مُّزْجٰةٍ فَاَوْفِ لَنَا الْكَيْلَ وَتَصَدَّقْ

অজে'-না- বেবেদা আতেম্ মোয্‌জা-তেম্ ফাআওফে লানাল্ কায়্লা অতাছাদ্দাক্

আর আমরা সামান্যই পুঁজি লইয়া আনিয়াছি অতএব (তুমি) আমাদিগকে পরিপূর্ণ শস্য দেওয়াইয়া দাও আর (দাম লইয়া নহে বরং তোমার নিজের) খয়রাত দান কর

عَلَيْنَا ؕ اِنَّ اللّٰهَ يَجْزِي الْمُتَصَدِّقِيْنَ ۝ قَالَ هَلْ عَلِمْتُمْ

আলায়না-, ইন্নাল্লা-হা য়্যাজ্যেল্ মোতাছাদ্দেক্বীন। ক্বা-লা হাল্ আলেমতুম্

আমাদিগকে, কারণ আল্লাহ খয়রাতকারীগণকে (উত্তম) ছওয়াব প্রদান করিয়া থাকেন। (এক্ষণ ইউছফ অধৈর্য্য হইয়া পড়িল এবং) বলিল যে তোমাদের কিছু স্মরণ আছে কি যে

مَّا فَعَلْتُمْ بِيُوْسُفَ وَاَخِيْهِ اِذْ اَنْتُمْ جٰهِلُوْنَ ۝ قَالُوْۤا ءَاِنَّكَ

মা- ফাআল্তুম্ বেইউছোফা অআখীহে এজ্ আন্তুম্ জা-হেলূন। ক্বা-লূ— আইন্নাকা

যখন তোমরা জাহেল ছিলে তখন তোমরা ইউছফ ও তাহার ভ্রাতার (অর্থাৎ বেন্-ইয়ামীনের) সাথে কি ব্যবহার করিয়াছিলে। (তখন) উহারা বলিল প্রকৃতই কি

لَاَنْتَ يُوْسُفُ ؕ قَالَ اَنَا يُوْسُفُ وَهٰذَاۤ اَخِيْ ۫ قَدْ مَنَّ اللّٰهُ

লাআন্তা ইউছোফো, ক্বা-লা আনা- ইউছোফা অহাজা— আখী, ক্বাদ্ মান্নাল্লা হো

তুমিই ইউছফ? ইউছফ বলিল (হ্যাঁ) আমিই ইউছফ আর এ (অর্থাৎ বেন্-ইয়ামীন) আমারই ভ্রাতা, আল্লাহ (খুবই) অনুকম্পা (প্রদর্শন) করিয়াছেন

عَلَيْنَا ؕ اِنَّهٗ مَنْ يَّتَّقِ وَيَصْبِرْ فَاِنَّ اللّٰهَ لَا يُضِيْعُ

আলায়না-, ইন্নাহূ মাই-য়্যাত্তাকে অয়্যাছ্বের্ ফাইন্নাল্লা-হা লা- ইয়োদীয়ো

আমাদের প্রতি, নিঃসন্দেহ যে ব্যক্তি আল্লার ভয় রাখে এবং (মছীবতে) ছবর করে তাহা হইলে আল্লাহ নষ্ট হইতে দেন না

أَجْرَ الْمُحْسِنِينَ ۝ قَالُوا تَاللَّهِ لَقَدْ آثَرَكَ اللَّهُ عَلَيْنَا

আজ্‌রাল্ মোহ্‌ছেনীন। কা-লূ তাল্লা-হে লাকাদ্ আ-ছারাকাল্লা-হো আলায়্‌না-

(এরূপ) পুণ্যাত্মাদিগের পুণ্যফল। (উহারা) বলিল আল্লার কছম কিছুই সন্দেহ নাই যে তোমাকে আল্লাহ্ আমাদের উপর (খুবই) সম্মান প্রদান করিয়াছেন

وَإِنْ كُنَّا لَخَاطِئِينَ ۝ قَالَ لَا تَثْرِيبَ عَلَيْكُمُ الْيَوْمَ ط

অইন্ কোন্‌না- লাখা-তেয়ীন। কা-লা লা- তাছ্‌রীবা আলায়্‌কোমোল্-য়্যাও্‌মা,

আর নিঃসন্দেহ আমরাই দোষী ছিলাম। (ইউছফ) বলিল এক্ষণ তোমাদের উপর কিছুই দোষ নাই (আমি তোমাদিগকে মাআফ করিলাম)

يَغْفِرُ اللَّهُ لَكُمْ وَهُوَ أَرْحَمُ الرَّاحِمِينَ ۝ اذْهَبُوا بِقَمِيصِي هَٰذَا

য়্যাগ্‌ফেরোল্লা-হো লাকুম্ অহোওয়া আর্‌হামোর্‌রা-হেমীন। এজহাবূ বেকামীছী হা-জা-

(আর) আল্লাহ্ তোমাদের (দোষ) মাআফ করিবেন, আর তিনি সকল দয়াবান অপেক্ষা বড় দয়াবান। (তোমাদের কথায় জানিতে পারিলাম যে পিতা ছাহেবের উভয় চক্ষু নষ্ট হইয়া যাইতেছে অতএব তোমরা) আমার এই পিরহানটী লইয়া যাও

فَأَلْقُوهُ عَلَىٰ وَجْهِ أَبِي يَأْتِ بَصِيرًا وَأْتُونِي بِأَهْلِكُمْ

ফাআল্‌কূহো আলা- অজ্‌হে-আবী য়্যা'তে বাছীরান, ওয়া'-তূনী বেআহ্‌লেকুম্

অনন্তর এই পিরহানটীক পিতা ছাহেবের মুখের উপর ফেলিয়া দিও তাহা হইলে তিনি দেখিতে পাইবেন, আর তোমরা আমার কাছে লইয়া আসিও তোমাদের

৫ ১০/৪ রুকু

أَجْمَعِينَ ۝ وَلَمَّا فَصَلَتِ الْعِيرُ قَالَ أَبُوهُمْ إِنِّي لَأَجِدُ

আজ্‌মায়ীন। ৫ অলাম্মা- ফাছালাতেল্ য়ীরো কা-লা আবূহুম্ ইন্নী লাআজেদো

সমস্ত খান্দানকে। আর কাফেলা মিছর হইতে রওয়ানাই হইয়াছিল (এমত সময়ে) উহাদের পিতা (অর্থাৎ ইয়াকুব) বলিল যে আমি ত পাইতেছি

رِيحَ يُوسُفَ لَوْلَا أَنْ تُفَنِّدُونِ ۝ قَالُوا تَاللَّهِ إِنَّكَ لَفِي

রীহা ইউছোফা লাওলা— আন্ তোফান্নেদূন। কা-লূ তাল্লা-হে ইন্নাকা লাফী

ইউছফের বাস যদি তোমরা আমাকে সত্তুরে-বাহাত্তুরে (বৃদ্ধ) না বানাও। (তখন যে একটী পুত্র ইয়াকুবের নিকটে-উপস্থিত ছিল) তাহারা বলিতে লাগিল যে আল্লার কছম তুমি ত (লিপ্ত) রহিয়াছ

ضَلَالِكَ الْقَدِيمِ ۝ فَلَمَّا أَنْ جَاءَ الْبَشِيرُ أَلْقَاهُ عَلَىٰ

দলা-লেকাল্ কাদীম। ফালাম্মা— আন্ জা—আল্ বাশীরো আল্‌কা-হো আলা-

তোমার (সেই) পুরাতন খেয়ালেরই মধ্যে। তারপর যখন (ইউছফের জীবিত থাকার) সুসংবাদ-আনয়নকারী (ইয়াকুবের নিকটে) আসিয়া পৌছিল (এবং আসিয়া পৌছানোর সাথে সাথেই ইউছফের) পিরহান নিক্ষেপ করিল

وَجْهِهٖ فَارْتَدَّ بَصِيْرًا ۚ قَالَ اَلَمْ اَقُلْ لَّكُمْ ۚ اِنِّيْٓ اَعْلَمُ

অজ্‌হেহী ফার্‌তাদ্দা বাছীরান্‌, ক্বা-লা- আলাম্‌ আক্বোল্‌লাকুম্‌ ইন্নী— আ'-লামো

ইয়াকুবের মুখের উপর তৎক্ষণাৎ (ইয়াকুবের) দৃষ্টিশক্তি ফিরিয়া আসিল, (তখন ইয়াকুব পুত্রগণকে) বলিল আমি কি তোমাদের সাথে বলি নাই যে আমি জ্ঞাত আছি

مِنَ اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ۝ قَالُوْا يٰٓاَبَانَا اسْتَغْفِرْ لَنَا ذُنُوْبَنَآ

মেনাল্‌লা-হে মা- লা- তা'-লামুন। ক্বা-লূ ইয়্যা—আবা-নাছ্‌তাগ্‌ফের্‌ লানা- জোনূবানা—

আল্লার তরফ হইতে (তাহা অর্থাৎ সেই বিষয়) যাহা তোমরা জ্ঞাত নহ। (উহারা) বলিল হে পিতঃ! (আল্লার নিকট হইতে) আমাদের কছুর মা'মাফ করাইয়া লউন

اِنَّا كُنَّا خٰطِئِيْنَ ۝ قَالَ سَوْفَ اَسْتَغْفِرُ لَكُمْ رَبِّيْ ۚ اِنَّهٗ

ইন্না- কোন্না- খা-তেয়ীন। ক্বা-লা ছাওফা আছতাগ্‌ফেরো লাকুম্‌ রাব্বী, ইন্নাহু

নিঃসন্দেহ আমরাই দোষী ছিলাম। (ইয়াকুব) বলিল আমি আমার পালনকারী হইতে (এক বিশেষ সময়ে) তোমাদের কছুরগুলির মাআফীর দোআ করিব, নিঃসন্দেহ

هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ۝ فَلَمَّا دَخَلُوْا عَلٰى يُوْسُفَ اٰوٰٓى

হোওয়াল্‌ গ্বাফুরোর্‌ রাহীম। ফালাম্মা- দাখালূ আলা- ইউছোফা আ-ওয়া—

তিনিই ক্ষমাকারী দয়ালু। তারপর (উহারা শেষবার) যখন ইউছফের নিকটে উপস্থিত হইল তখন স্থান দান করিল

اِلَيْهِ اَبَوَيْهِ وَقَالَ ادْخُلُوْا مِصْرَ اِنْ شَآءَ اللّٰهُ اٰمِنِيْنَ ۝

এলায়হে আবাওয়্যহে অক্বা-লাদ্‌খোলূ মেছ্‌রা ইন্‌ শা—আল্লা-হো আ-মেনীন।

(ইউছফ) তাহার পিতামাতাকে (শ্রদ্ধা সহকারে) নিজের নিকটে এবং (সকলকে সম্বোধন করিয়া) বলিল যে (তোমরা) মিছর(শহর)-এর মধ্যে প্রবেশ কর যদি আল্লাহ ইচ্ছা করেন তবে (তোমরা সকলে) শান্তির সহিত থাকিবে। (২১)

وَرَفَعَ اَبَوَيْهِ عَلَى الْعَرْشِ وَخَرُّوْا لَهٗ سُجَّدًا ۚ وَقَالَ

অরাফাআ আবাওয়্যহে আলাল্‌ আর্‌শে অখারুরূ লাহু ছোজ্জাদান্‌, অক্বা-লা

আর (মিছরের তৎকালীন দস্তুর অনুসারে ইউছফ) তাহার পিতা-মাতাকে সিংহাসনের উপরে বসাইল এবং সকলে (তখনকার দস্তুর মোতাবেক ইউছফের সম্বর্দ্ধনার জন্য) উহার সম্মুখে সেজদায় পড়িয়া গেল, আর ইউছফ (নিজের স্বপ্ন-কথা স্মরণ করতঃ নিজের পিতাকে) বলিল যে

(২১) বহু ভাষ্যকারের মতে, হজরত ইউছফ তদীয় পিতা ও ভ্রাতাগণের আগমন-বার্ত্তা শ্রবণ করতঃ শহরের বাহিরে যাইয়া তাঁহাদের আগমন-সম্বর্দ্ধনা করেন। এবং তথায় তাঁহাদের আরামের জন্য তাঁবুর ব্যবস্থা করেন। তথায় ইঁহাদের সকলের দেখা সাক্ষাৎ হয়। আর ইহা সেই স্থলেরই কথাবার্ত্তা।

يَٰٓأَبَتِ هَٰذَا تَأْوِيلُ رُءْيَٰىَ مِن قَبْلُ قَدْ جَعَلَهَا

ইয়্যা—আবাতে হা-জা- তা-ভীলো রো'-য়্যা-য়্য মেন্ ক্বাব্লো, ক্বাদ্ জ্বাআলাহা-

হে পিতঃ! সেই যে আমি অগ্রে স্বপ্ন দেখিয়াছিলাম, ইহা তাহারই ফল, করিয়াছেন (আজ) তাহাকে

رَبِّى حَقًّا ۖ وَقَدْ أَحْسَنَ بِىٓ إِذْ أَخْرَجَنِى مِنَ ٱلسِّجْنِ وَجَآءَ

রাব্বী হাক্‌ক্বান্, অক্বাদ্ আহ্‌ছানা বী— এজ্ আখ্‌রাজ্বানী মেনাছছেজ্ব্‌নে অজ্বা—আ

(অর্থাৎ সেই স্বপ্নকে) আমার পালনকারী সত্য, আর (ইহা ছাড়া) তিনি আমার প্রতি (এই মহৎ) উপকার করিয়াছেন যে যখন (কাহারও বিনা ছোপারেশে তিনি) আমাকে কারামুক্তি দিয়াছেন আর আনিয়া (মিলাইয়া) ছেন

بِكُم مِّنَ ٱلْبَدْوِ مِنۢ بَعْدِ أَن نَّزَغَ ٱلشَّيْطَٰنُ بَيْنِى وَبَيْنَ

বেকুম্ মেনাল্ বাদভে মেম্ বা'-দে আন্ নাযাগ্বাশ্‌শায়্‌তা-নো বায়্‌নী অবায়্‌না

বাহির হইতে আপনাদের সকলকে (আমার সহিত) ইহার পরে যে কলহ নিক্ষেপ করিয়াছিল শয়তান আমার মধ্যে এবং আমার ভ্রাতা-

إِخْوَتِىٓ ۚ إِنَّ رَبِّى لَطِيفٌ لِّمَا يَشَآءُ ۚ إِنَّهُۥ هُوَ ٱلْعَلِيمُ

এখ্‌অতী, ইন্নী রাব্বী লাতীফোল্ লেমা- য়্যাশা—য়ো, ইন্নাহু হোওয়াল্ আলীমোল্

গণের মধ্যে, নিঃসন্দেহ আমার পালনকারী যাহাকে ইচ্ছা অনুকম্পা প্রদান করেন, কারণ তিনি (প্রত্যেক বিষয়ে) জ্ঞাতা

ٱلْحَكِيمُ ۞ رَبِّ قَدْ ءَاتَيْتَنِى مِنَ ٱلْمُلْكِ وَعَلَّمْتَنِى مِن تَأْوِيلِ

হকীম। রাব্বে ক্বাদ্ আ-তায়্‌তানী মেনাল্ মোল্‌কে অআল্লাম্‌তানী মেন্ তা'ভীলেল্

(এবং) মহিমাময়। (এই ঘটনাবলীর পর ইউছফের মন দুনিয়া হইতে তৃপ্ত হইয়া যায় এবং আল্লার সহিত সাক্ষাতের ইচ্ছা তীব্রভ বে জাগিয়া উঠে তজ্জন্য ইউছফ দোয়া করে যে) হে আমার পালনকারী তুমি (তোমার দয়ায়) আমাকে বাদশাহীতেও অংশ দিয়াছ আর (সম্ভব মত) আমাকে শিখাইয়াছ (স্বপ্নের) কথাগুলির

ٱلْأَحَادِيثِ ۚ فَاطِرَ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضِ أَنتَ وَلِىِّۦ فِى ٱلدُّنْيَا

আহা-দীছ্, ফা-তেরাছছামা-ওয়া-তে অল্-আর্‌দে, আন্তা অল্লেয়ী ফেদ্দোন্‌য়্যা-

বৃত্তান্তও, হে আছমান ও জমীনের সৃজনকারী, তুমিই আমার কারছাজ দুনিয়া

وَٱلْءَاخِرَةِ ۖ تَوَفَّنِى مُسْلِمًا وَأَلْحِقْنِى بِٱلصَّٰلِحِينَ ۞ ذَٰلِكَ

অল্ আখেরাহ্, তাঅফ্‌ফানী মোছ্‌লেমাঙ্, অআল্‌হেক্‌নী বেছছা-লেহীন। জা-লেকা

ও আখেরাতে (উভয় ক্ষেত্রেই), (অতএব এক্ষণ) আমাকে তোমার আজ্ঞাবহ অবস্থায় (দুনিয়া হইতে) উঠাইয়া লও আর আমাকে (তোমার) নেক বান্দাগণের মধ্যে লইয়া দাখিল কর। (২২) (হে মোহাম্মদ!) ইহা

(২২) হজরত ইউছফের এই দোআ সেই পর্য্যায়ের যে, ইঁহার পয়গাম্বর হওয়ার প্রমাণের পক্ষে উহা যথেষ্ট।

مِنْ اَنْبَاءِ الْغَيْبِ نُوْحِيْهِ اِلَيْكَ ج وَمَا كُنْتَ لَدَيْهِمْ اِذْ اَجْمَعُوْا

মেন্ আম্বা—য়েল্ গায়্বে নূহীহে এলায়ক্, অমা- কোন্তা লাদায়হিম্ এজ্ আজ্‌মাউ—

কতিপয় গায়েবের কথা যাহা আমি অহীর দ্বারা তোমাকে জানাইয়া দিতেছি (ইহা তোমার সত্যতার দলীল), আর তুমি ত তাহাদের কাছে (তখন) মওজুদ ছিলে না যখন ইউছফের ভ্রাতাগণ তাহাদের পরিপক্ক

اَمْرَهُمْ وَهُمْ يَمْكُرُوْنَ ○ وَمَا اَكْثَرُ النَّاسِ وَلَوْ حَرَصْتَ

আম্‌রা হুম্ অহুম্ য়্যাম্‌কোরূন। অমা— আক্‌ছারোন্‌না-ছে অলাও্ হারাছতা

ইচ্ছা করিয়াছিল (যে ইউছফকে কূপে নিক্ষেপ করিব) আর উহারা (ইউছফের চালাকীর) তদবীরে থাকিত। এবদসত্ত্বেও অধিক সংখ্যক লোকের অবস্থা হইতেছে এই যে তুমি যতই আকাঙ্ক্ষা পোষণ কর

بِمُؤْمِنِيْنَ ○ وَمَا تَسْئَلُهُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ط اِنْ هُوَ

বেমো'-মেনীন। অমা- তাছ্‌আলোহুম্ আলায়হে মেন্ আজ্‌রেন, ইন্ হোওয়া

তাহারা ঈমান আনিবার (পাত্র) নহে। অথচ (তোমার) রেছালৎ প্রচারের প্রতি তুমি উহাদের কাছে কিছু পারিশ্রমিক ও চাও না, (আর) কোরআন

اِلَّا ذِكْرٌ لِّلْعٰلَمِيْنَ ع وَكَاَيِّنْ مِّنْ اٰيَةٍ

ইল্লা- জেক্‌রোল্ লেল্ আ-লামীন। ع অকাআয়্যেম্ মেন্ আ-য়্যাতেন্

(যাহা তুমি শুনিতেছ) দুনিয়া জাহানের জন্য উপদেশই (উপদেশ)। আর (আল্লার মহিমার এরূপ) কত নিদর্শন রহিয়াছে

ع ১১/৫ রুকু

فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ يَمُرُّوْنَ عَلَيْهَا وَهُمْ عَنْهَا مُعْرِضُوْنَ ○

ফেছ্‌ছামা-ওয়া-তে অল্-আর্‌দে য়্যামোর্‌রূনা আলায়হা- অহুম্ আন্‌হা- মো'-রেদূন।

আছমান ও জমীনে যাহার উপর দিয়া লোক গত হইয়া যাইতেছে আর তাহারা তাহার কিছুই পরোয়া করে না।

وَمَا يُؤْمِنُ اَكْثَرُهُمْ بِاللّٰهِ اِلَّا وَهُمْ مُّشْرِكُوْنَ ○

অমা- ইয়ো'-মেনো আক্‌ছারোহুম্ বেল্লা-হে ইল্লা- অহুম্ মোশ্‌রেকূন।

আর উহাদের অধিকাংশ লোক(-এর অবস্থা এই দাঁড়াইয়াছে যে) আল্লাকে মান্য করে না আর তাহারা শেরক করিতে থাকে।

اَفَاَمِنُوْا اَنْ تَأْتِيَهُمْ غَاشِيَةٌ مِّنْ عَذَابِ اللّٰهِ اَوْ

আফাআমেনূ— আন্ তা'-তেয়্যাহুম্ গা-শেয়্যাতোম্ মেন্ আজা-বেল্লা-হে আও্

অতএব এ-বিষয়ে কি নিশ্চিন্ত হইয়া গিয়াছে যে উহাদের নিকটে আল্লার আজাব আসিয়া পড়ে যে (তাহা উহাদের সকলের প্রতি) ছাইয়া যায় কিম্বা

تَأْتِيَهُمُ السَّاعَةُ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ○ قُلْ هٰذِهٖ

তা'-তেয়্যাহোমোছ্ছা-আতো বাগ্‌তাতাঙ, অহুম্ লা- য়্যাছ্‌য়োরূন। কোল্ হা-জেহী

হঠাৎ উহাদের উপর কেয়ামত আসিয়া পড়ে অথচ উহাদের খবর ও না থাকে। (২৩) (হে নবি ! ইহাদিগকে) বল এই-ই

سَبِيْلِيْٓ اَدْعُوْٓا اِلَى اللّٰهِ عَلٰى بَصِيْرَةٍ اَنَا وَمَنِ اتَّبَعَنِيْ ط

ছাবীলী— আদ্‌উ— এলাল্লা হে, আলা- বাছীরাতেন্ আনা- অমানেত্তাবাআনী,

আমার তরিকা আমি (সকলকেই) আল্লারদিকে আহ্বান করিতেছি, আমি ও যে ব্যক্তি আমার অনুগামী দীনের এমন এক) মজবুত রাস্তার উপর রহিয়াছি (যে-রাস্তাকে প্রত্যেক লোকই বুঝিতে পারে),

وَسُبْحٰنَ اللّٰهِ وَمَآ اَنَا مِنَ الْمُشْرِكِيْنَ ○ وَمَآ اَرْسَلْنَا

অছোব্‌হা-নাল্‌লা-হে অমা— আনা মেনাল্ মোশরেকীন। অমা— আর্‌ছাল্‌না-

আর আল্লা(র জাত) পাক আমি শের্ক কারীদিগের মধ্যে নহি। আর (হে নবি !) আমি প্রেরণ করিয়াছিলাম

مِنْ قَبْلِكَ اِلَّا رِجَالًا نُّوْحِيْٓ اِلَيْهِمْ مِّنْ اَهْلِ الْقُرٰى ط

মেন্ কাব্‌লেকা ইল্‌লা- রেজা-লান্ নূহী— এলায়্‌হিম্ মেন্ আহ্‌লেল্ কোরা-,

তাহার অগ্রে(ও) মানুষকেই (পয়গাম্বর করিয়া) বস্তিগুলিরই বাসিন্দা হইতে আমি তাহাদের প্রতি অহী নাজেল করিতাম,

(২৩) শের্ক এমনই বদ বালা যে, ইহা হইতে অতি অল্প সংখ্যক লোকই নিরাপদ রহিয়াছে। মুছলমানের উচিত যে, সর্ব্বদাই শের্ক হইতে আল্লার পানাহ্ প্রার্থনা করিতে থাকে। আল্লার ছাড়া কোন বস্তুকে বা কোন ব্যক্তিকে কোন অবস্থাতেই আল্লার ক্ষমতাবিশিষ্ট বলিয়া বিশ্বাস করা এবং আল্লার নির্দ্দেশ-সম্মত কোন ও ঘটনার কারণ বলিয়া মনে করারই নাম শের্ক। আর যেহেতু আল্লাহ্ দুনিয়াকে উপলক্ষময় জগত"-রূপে সৃজন করিয়াছেন, তদ্ধেতু লোক সভাবতই ধোকায় পড়িয়া যায় এবং অগ্রবর্ত্তীর ঘটনাকে তৎপরবর্ত্তী ঘটনার উপলক্ষ বলিয়া ধরিয়া লয়। বিখ্যাত জ্বর-নাশক ঔষধ কুইনাইনকে যদি এতদর্থে জ্বর-নাশক মনে করা যে, জ্বর ছাড়াইবার শক্তি কুইনাইনের আছে, তবে তাহা ঘোর শের্ক। কুইনাইনের জ্বর ছাড়াইবার শক্তি নাই, বরং আল্লাহ্ কুইনাইনের মধ্যে জ্বর ছাড়াইবার গুণ প্রদান করিয়াছেন। অতএব জ্বর বিদূরণ প্রকৃতপক্ষে আল্লারই হুকুম মাত্র। কিন্তু যেহেতু এই প্রভেদ-পার্থক্য অতি সুক্ষ্ম ব্যাপার, তন্নিমিত্ত সাধারণ মানুষের মস্তিষ্কে এ-বিষয়টী খুব কমই সান্ধায়। এবং এই কারণেই সহস্র সহস্র, লক্ষ লক্ষ আল্লার বান্দা সুস্পষ্ট শের্কে লিপ্ত আছে। যথা—প্রতিম-পূজাকারী, পাথর-পূজাকারী, অগ্নি-পূজাকারী পীর-পূজাকারী, তা'-জিয়া-পূজাকারী' সূর্য্য-পূজাকারী ইত্যাদি। এই প্রকারের শের্ককে 'শের্ক-জলি' অর্থাৎ প্রকাশ্য শের্ক বলা হয়। আর এই শের্ক-জলি হইতে সাধারণ মুছলমান ত নহে,—বিশিষ্ট জ্ঞানবান (অর্থাৎ এছলামের বিধান সম্বন্ধে যাহাদের জ্ঞান আছে, এরূপ শরহে-পোরস্ত দীনদার) মুছলমান যদিও আত্মরক্ষা করিয়া চলিতেছে, কিন্তু শের্কের দ্বিতীয় প্রকার যাহাকে শের্ক-খফী বলা হয়, তাহা ইহাতে মাত্র সেই ব্যক্তিই রক্ষা পাইতে পারে, যে ব্যক্তি সর্ব্বদাই আল্লার ছবি সম্মুখে এবং তাঁহারই প্রতি সম্পূর্ণ ভরসা রাখে। অথচ এ-ভাবের খাছবান্দা অল্প—অতি অল্পই আছে। হজরত রছুলে আক্‌রম (দঃ) শের্ক-খফীর নিম্নোক্ত মেছালটী বর্ণনা করিতেন :—

"অন্ধকার রাত্রে সমতল পাথরে কীটের গমন যদ্রূপ দৃষ্টি ও শ্রুতিগোচর হয় না, শের্ক-খফীর অবস্থা তদ্রূপ। শের্ক-খফীর বিষয় বোধগম্য হয় না, অথচ উহা মানুষের মনের মধ্যে স্থান গ্রহণ করিয়া থাকে।"

أَفَلَمْ يَسِيرُوا فِي الْأَرْضِ فَيَنظُرُوا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِينَ

আফালাম্ য়্যাছীরূ ফেল্-আর্‌দে ফায়্যান্‌জোরূ কায়্‌ফা কা-না আকেবাতোল্লাজীনা।
অতএব উহারা কি দেশে (কোথাও) চলা ফেরা করে না যে (নিজেদের চোখে) দেখিয়া লয়
কিরূপ হইয়া ছিল (তাহাদের) পরিণাম যাহারা

مِن قَبْلِهِمْ ۗ وَلَدَارُ الْآخِرَةِ خَيْرٌ لِّلَّذِينَ اتَّقَوْا ۗ أَفَلَا

মেন্ ক্বাব্‌লেহিম, অলাদা-রোল্ আ-খেরাতে খায়্‌রোল্‌লেল্লাজীনাত্তাক্বাও, আফালা-
উহাদের অগ্রে গত হইয়া গিয়াছে (তাহারা পয়গাম্বরদিগকে মিথ্যা জানিয়াছিল), আর নিঃসন্দেহ
(দুনিয়ার কতিপয় দিবসের ঘর অপেক্ষা) পরকালের ঘর তাহাদেরই জন্য উত্তম যাহারা পরহেজগার,
অতএব (হে লোক সকল !) তোমরা কি

تَعْقِلُونَ ۝ حَتَّىٰ إِذَا اسْتَيْأَسَ الرُّسُلُ وَظَنُّوا أَنَّهُمْ قَدْ

